

■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১০৩৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০৩০]
৮/ বিভিন্ন নেক আমলের ফযীলত প্রসঙ্গে (کتاب الفضائل)
পরিচ্ছেদঃ ১৮৫: ওজুর ফযীলত

(185) بَابُ فَضْلِ الْوُضُوْءِ

আরবী

وَعَنْه: أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، قَالَ: «أَلاَ أَدُّلُكُمْ عَلَى مَا يَمْحُو اللهُ بِهِ الخَطَايَا، وَيَرْفَعُ بِهِ الدَّرَجَاتِ ؟» قَالُوا: بَلَى يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، قَالَ: «إِسْبَاغُ الوُضُوءِ عَلَى المَكَارِهِ، وَكَثْرَةُ الخُطَا إِلَى المَسَاجِدِ، وَانْتِظَارُ الصَّلاَةِ بَعْدَ الصَّلاَةِ ؛ فَذَلِكُمُ الرِّبَاطُ ؛ فَذَلِكُمُ الرِّبَاطُ». رواه مسلم

বাংলা

৭/১০৩৭। উক্ত রাবী (আবূ হুরাইরা) রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (একদা সমবেত সহচরদের উদ্দেশ্যে) বললেন, "তোমাদেরকে এমন একটি কাজ বলব না কি, যার দ্বারা আল্লাহ গোনাহসমূহকে মোচন করে দেবেন এবং (জান্নাতে) তার দ্বারা মর্যাদা বৃদ্ধি করবেন?" তাঁরা বললেন, 'অবশ্যই, হে আল্লাহর রাসূল!' তিনি বললেন, "(তা হচ্ছে) কষ্টকর অবস্থায় পরিপূর্ণরূপে ওযু করা, অধিক মাত্রায় মসজিদে গমন করা এবং এক অক্তের নামায আদায় করে পরবর্তী অক্তের নামাযের জন্য অপেক্ষা করা। আর এ হল প্রতিরক্ষা বাহিনীর মত কাজ। এ হল প্রতিরক্ষা বাহিনীর মত কাজ।" (মুসলিম) [1]

English

(185) Chapter: The Merits of Ablutions (Wudu')

Abu Hurairah (May Allah be pleased with him) reported that the Messenger of Allah (ﷺ) said, "Shall I not tell you something by which Allah effaces the sins and elevates ranks (in Jannah)?" The Companions said; "Certainly, O Messenger of Allah." He (ﷺ) said, "Performing the Wudu' thoroughly in spite of difficult circumstances, walking with more paces to the mosque, and waiting for the next As- Salat (the prayer) after observing Salat; and that is Ar-Ribat, and that is Ar-Ribat."



[Muslim].

Commentary: Hardship and unpleasantness here stand for the uneasiness that one feels while performing Wudu' in severe cold. Ar-Ribat means watching the frontiers or battlefront to check the invasion of the enemy. To wait for the next Salat after offering a Salat is regarded as Ribat for the reason that by so doing, a person who is particular in offering Salat keeps himself constantly engaged in the obedience and worship of Allah to keep Satan away from him.

ফুটনোট

[1] মুসলিম ২৫১, তিরমিয়ী ৫১, নাসায়ী ১৪৩, আহমাদ ৭১৬৮, ৭৬৭২, ৭৯৩৫, ৭৯৬১, ৯৩৬১, মুওয়াত্তা মালিক ৩৮৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন